গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, যশোর
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
www.jessore.gov.bd

নভেম্বর/২০২৩ মাসের জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

১.০। সভাপতি : মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার
জেলা ম্যাজিস্ট্রেট, যশোর।

২.০। সভার তারিখ : ১২ নভেম্বর ২০২৩।

৩.০। সভার সময় : দুপুর ১:০০ ঘটিকা ।

৪.০। সভার স্থান : সম্মেলন কক্ষ "অমিত্রাক্ষর", জেলা প্রশাসকের কার্যালয়, যশোর ।

৫.০। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভায় সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। অতঃপর চোরাচালান, মাদকদ্রব্য পাচার, সীমান্ত নিরাপত্তাসহ চোরাচালান মামলার বিচার কার্যক্রম বিষয়ে অক্টোবর/২০২৩ মাসের তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয় এবং পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | **আটককৃত মালামাল ও পরিচালিত অভিযান :** জেলা টাস্কফোর্সসহ সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক পরিচালিত সকল অভিযানের প্রতিবেদনসমূহ নির্ধারিত ছক "ক"-এ এবং চোরাচালান প্রতিরোধে পরিচালিত সকল অভিযানের প্রতিবেদন নির্ধারিত ছক "খ"-এ লিপিবদ্ধ করে পর্যালোচনা করা হয়। এতে দেখা যায়, অক্টোবর/২০২৩ মাসে টাস্কফোর্স- ২৬টি, ২১ বিজিবি- ১,২২০টি, ৪৯ বিজিবি- ২,৪৯৯টি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর- ১৪৪টি সহ সর্বমোট- ৩,৮৮৯টি অভিযান পরিচালনা করে মোট ১৭৫টি মামলা এবং ৪,০৫,২১,৩৫০/- (চার কোটি পাঁচ লক্ষ একুশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা মূল্যের মালামালসহ ৫০ জন আসামীকে আটক করা হয়। অপরদিকে সেপ্টেম্বর/২০২৩ মাসে টাস্কফোর্স- ৮৩টি, ২১ বিজিবি- ১,২৩০টি, ৪৯ বিজিবি- ২,৫৩০টি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর- ৭৯টি সহ সর্বমোট- ৩,৯২২টি অভিযান পরিচালনা করে মোট ১৩৩টি মামলা এবং ১,৫৯,১৭,৪৩৫/- (এক কোটি উনষাট লক্ষ সতের হাজার চারশত পঁয়ত্রিশ) টাকা মূল্যের মালামালসহ ৫২ জন আসামীকে আটক করা হয়। | ১। জেলা টাস্কফোর্স সহ সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক প্রতিমাসে অধিক পরিমাণ অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা টাস্কফোর্স-সহ সংশ্লিষ্ট সকল সংস্থা। |
| ০২। | **সীমান্তবর্তী উপজেলায় বিওপি পর্যায়ে সভা অনুষ্ঠান :** সভাপতি কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার, শার্শা ও চৌগাছা এবং বিজিবি প্রতিনিধিবৃন্দকে সীমান্তবর্তী ইউনিয়ন ও বিওপি পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অব্যাহত রাখতে পরামর্শ দেওয়া হয়। | ১। শার্শা ও চৌগাছা উপজেলার সীমান্তবর্তী ইউনিয়ন ও বিওপি পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা যথাসময়ে আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অধিনায়ক/ প্রতিনিধি, ৪৯ বিজিবি, যশোর ও ২১ বিজিবি, খুলনা।<br>২। ইউএনও, শার্শা/ চৌগাছা/ঝিকরগাছা, যশোর। |
| ৩। | **করিডোরের রাজস্ব আদায় :** কাস্টমস বিভাগ হতে প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায়, অক্টোবর/২০২৩ মাসে করিডোরে কোন রাজস্ব আদায় হয়নি। উল্লেখ্য, এ জেলায় অনুমোদিত বিট/খাটালসমূহের মেয়াদ ১৩/০৪/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে শেষ হয়েছে। বর্তমানে সরকারি নির্দেশনা মোতাবেক বিট/খাটালসমূহের নবায়ন বন্ধ রয়েছে। | ১। সরকারি নির্দেশনা মোতাবেক অত্র জেলার বিট/খাটালসমূহ বন্ধ রাখা এবং অবৈধপথে কেউ যেন কোন প্রকার গবাদিপশু দেশে নিয়ে আসতে না পারে সে বিষয়ে কঠোর নজরদারির সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডেপুটি কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, যশোর।<br>২। ৪৯ বিজিবি, যশোর/ ২১ বিজিবি, খুলনা।<br>৩। ইউএনও, শার্শা/ চৌগাছা, যশোর। |

চলমান পাতা-২

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৪। | **চোরাচালান মামলা নিষ্পত্তি :**<br>বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, যশোর কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অক্টোবর/২০২৩ মাসে দায়েরকৃত মামলা- ০৬টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা- ০৮টি, তন্মধ্যে সাজা- ০৬টি ও খালাস- ০২টি এবং মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা- ৪,১০১টি। তাছাড়া সেপ্টেম্বর/২০২৩ মাসে দায়েরকৃত মামলা- ০৭টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা- ১১টি, তন্মধ্যে সাজা- ০৭টি ও খালাস- ০৪টি এবং মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা- ৪,১০৩ টি। | ১। চোরাচালান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সাক্ষীর উপস্থিতির সংখ্যা বৃদ্ধি করার জন্য পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, যশোর।<br><br>২। জেলা চোরাচালান মামলা মনিটরিং কমিটি। |
| ০৫। | **মাদক বিরোধী অভিযান :**<br>চোরাচালান মামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। চোরাচালান অভিযান কোনো সংস্থা এককভাবে না করে সমন্বিতভাবে অভিযান পরিচালনা করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন।<br>এ প্রসঙ্গে বিজিবির প্রতিনিধি সভায় জানান, যশোর জেলার অধীন বিশেষ করে চৌগাছা উপজেলা সীমান্তবর্তী এলাকা। তাই চৌগাছা সীমান্তে সবচেয়ে বেশী মাদক চোরাচালানের ঘটনা ঘটে। বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান। | ১। স্বচ্ছতার স্বার্থে অন্তত তিনটি বিভাগের সমন্বয়ে চোরাচালান টাস্কফোর্স অভিযান পরিচালনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। চৌগাছা সীমান্ত দিয়ে যাতে মাদক চোরাচালান না হতে পারে সেজন্য সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নিয়মিত অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার, যশোর।<br>২। অধিনায়ক, ৪৯ বিজিবি, যশোর।<br>৩। অধিনায়ক, ২১ বিজিবি, খুলনা।<br>৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর।<br>৫। কোম্পানী কমান্ডার, সিপিসি-৩, র‍্যাব-৬, যশোর।<br>৬। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।<br>৭। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, যশোর।<br>৮। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, যশোর।<br>৯। অফিসার ইনচার্জ, চৌগাছা থানা, যশোর। |
| ০৬। | **চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত :**<br>উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর বলেন, বাংলাদেশ-ভারত আন্তঃদেশীয় ট্রেন বন্ধন এক্সপ্রেস নিয়মিতভাবে রবিবার ও বৃহস্পতিবার সকাল ০৯:৩০ ঘটিকায় ভারত হতে বেনাপোল স্থলবন্দর রেলস্টেশনে প্রবেশ করে। ইতোমধ্যে কয়েকবার বাংলাদেশ-ভারত আন্তঃদেশীয় বন্ধন এক্সপ্রেস ট্রেনে টাস্কফোর্স অভিযান পরিচালনা করা হয়েছে। তাছাড়া নিয়মিতভাবে বন্ধন এক্সপ্রেস ট্রেনে টাস্কফোর্স অভিযান পরিচালনা করা হচ্ছে। | ১। বন্ধন এক্সপ্রেস ট্রেনে চোরাচালান প্রতিরোধে প্রতি রবিবার ও বৃহস্পতিবার নিয়মিত জেলা চোরাচালান টাস্কফোর্স কমিটির অভিযান চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা টাস্কফোর্সসহ সংশ্লিষ্ট সকল সংস্থা ।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর। |

চলমান পাতা-৩

সীমান্ত এলাকায় চোরাচালান প্রতিরোধের সাথে সংশ্লিষ্ট সকলকে সতর্কতার সাথে দায়িত্ব পালনের অনুরোধ করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪.১১.২০২৩

(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
জেলা ম্যাজিস্ট্রেট, যশোর
ও
সভাপতি
জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটি
ই-মেইল : dcjessore@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪১০০.০০৪.০৫.০০২.২৩.৯১৪৮(১৬)

তারিখ : ২৯ কার্তিক ১৪৩০
১৪ নভেম্বর ২০২৩

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

৪। পুলিশ সুপার, ডিএসবি, যশোর।
৫-৬। অধিনায়ক, ৪৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ান, যশোর/ ২১ বর্ডার গার্ড ব্যাটালিয়ান, খুলনা।
৭। ডেপুটি কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, যশোর।
৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, যশোর।
৯। কোম্পানি কমান্ডার, সিপিসি-৩, র‍্যাব-৬, যশোর।
১০। যুগ্ম-পরিচালক, এনএসআই, যশোর।
১১-১৩। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা / ঝিকরগাছা / চৌগাছা, যশোর।
১৪। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, যশোর।
১৫। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, যশোর।
১৬। ..............................................................................

১৪.১১.২০২৩

জেলা ম্যাজিস্ট্রেট, যশোর
ও
সভাপতি
জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটি
ই-মেইল : dcjessore@mopa.gov.bd